“জুমু‘আর দিন প্রত্যেক বালিগের জন্য গোসল করা ওয়াজিব (কর্তব্য)। আর মিস্ওয়াক করবে এবং সুগন্ধি পাওয়া গেলে তা ব্যবহার করবে।”

‘আমর ইবন সুলাইম আনসারী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি সাক্ষ্য
দিচ্ছি, আবূ সা‘ঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু বলেন, আমি এ মর্মে সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “জুমু‘আর দিন প্রত্যেক
বালিগের জন্য গোসল করা ওয়াজিব (কর্তব্য)। আর মিস্ওয়াক করবে এবং সুগন্ধি পাওয়া গেলে
তা ব্যবহার করবে।”
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বর্ণনা করেছেন, জুমু্আর দিন গোসল করা প্রত্যেক প্রাপ্তবয়স্ক মুসলিম পুরুষের জন্য ওয়াজিবের মতো গুরুত্বপূর্ণ, যার উপর জুমুআ ফরয। এবং তিনি মিসওয়াক বা অনুরূপ কিছু দিয়ে দাঁত পরিষ্কার করার কথা বলেছেন। অনুরুপভাবে, যে কোন সুগন্ধি ব্যবহার করে সুগন্ধময় হওয়ার কথা বলেছেন।

http://sunnah.global/hadeeth/bn/show/10036